

৫ম দিন

বন্ধু সবসময় (সর্বদা এবং সবসময়)

ধর

তুমি কি কখনও ভয় পেয়েছ যে তোমার বিছনার নিচে একটি দানব রয়েছে, অথবা তুমি একটি আলমারির ভিতরে, এবং তুমি নিশ্চিত জান যে যখনই বাতি নিভে যাবে তখনই সেটি বেরিয়ে আসবে? হয়তবা সবাই পেয়েছে! এটা তুমি চিন্তা করতে পারো এই চিন্তা তোমার ভিতরে কোথা থেকে আসল? এই কারণে, আমরা এগুলো কেন ভয় পাই, যা শুধুই একটি অবাস্তব বিষয়? মানুষ সকল অজীব বিষয়কে ভয় পায়। আমরা বজ্রপাত বা সাপের কথা বলছি না, অথবা জোকার, কিন্তু এমন বিষয় যা সত্যিকারভাবে ভয়ের না। তুমি কি জান এমন লোক আছে যারা সবজি ভয় পায় (লাচানওফবিয়া)। এমন লোক আছে যারা বুতাম ভয় পায় (কুম্পনওফবিয়া)। এমন মানুষ আছে যারা বেগুনি রং ভয় পায় (পরপিরওফবিয়া)। এমন লোক আছে যারা ঘড়ি ভয় পায় (ক্রনোমেনট্রোফবিয়া)। অথবা এটা কেমন যে তাকে কোন হাস দেখছে বলে ভয় পাচ্ছে (এন্যাটিনডহিফবিয়া)?

একটি খুব গুরুত্বপূর্ণ বিষয়, যা খুবই গুরুত্বপূর্ণ, যা হল আমাদের কখনই ভয় পাবার দরকার নেই। বাইবেল তা বলে।

বই

কেননা আমি নিশ্চয় জানি, কি মৃত্যু, কি জীবন, কি দূতগণ, কি আধিপত্য সকল, কি উপস্থিত বিষয় সকল, কি ভাবী বিষয় সকল, কি পরাক্রম সকল, কি উর্ধ্ব স্থান, কি গভীর স্থান, কি অন্য কোন সৃষ্ট বস্তু, কিছুই আমাদের প্রভু খ্রীষ্ট যীশুতে অবস্থিত ঈশ্বরের প্রেম হইতে আমাদের পৃথক করিতে পারিবে না।

রোমীয়: ৮:৩৮-৩৯

দেখ

এই বাক্য পড়ে কি মনে হয়, তোমার কখনও ভয় পাবার দরকার রয়েছে? হ্যাঁ ঠিক – আমাদের কখনই ঈশ্বরের ভালবাসা হারাবার চিন্তা করার দরকার নেই। সে সবসময় আমাদের জন্য আছেন! বাহ! এর মানে আমাদের ঈশ্বরের সাথে সম্পর্ক কখনও ভাঙতে পারে না - কোন কিছু দিয়েই না! তিনি আমাদের বন্ধু, এবং আমাদের ঈশ্বর, সবসময়।

কিন্তু এক মিনিট দাড়াও, কোন খারাপ বিষয় হতে পারে। আমাদের সম্পর্ক কখনও ভাঙতে পারে না কিন্তু আমাদের সহভাগিতা পারে। অন্যভাবে বললে, যদি আমরা পাপ করি - ঈশ্বরের বিরুদ্ধে কিছু করি - তাহলে তোমার সমস্যা আছে। সে সেখানেই থাকবে, কিন্তু বিষয় সকল বিশৃঙ্খল হয়ে যাবে। তোমার এবং ঈশ্বরের

ভিতরে একটি দেয়াল চলে আসবে। এই দেয়াল তোমাকে দুর্দশাগ্রস্ত মনে হবে। তুমি তার সাথে খোলাখুলি কথা বলতে পারবে না। তুমি লজ্জা পাবে। এবং তখন তোমার বিষয় গুলো আবার সঠিক করতে হবে। তাহলে তোমাকে কি করতে হবে? যখন তুমি তোমার সহভাগিতা ভেঙ্গে ফেল ঈশ্বরের সাথে, তখন তোমার ভুল তার কাছে স্বিকার করে তার কাছে ক্ষমা চাইতে হবে। তোমার কোন বন্ধুর মতন, যখন তুমি তাদের বিরুদ্ধে কিছু কর, তখন তোমার তাদের কাছে দুঃখিত হতে হবে এবং ক্ষমা চাইতে হবে।

তাহলে প্রথমে তুমি তোমার পাপ থেকে দূরে থেকে ঈশ্বরের কাছে থাকার চেষ্টা কর। কিন্তু তারপরও, যদি পাপ যদি প্রবেশ করেই ফেলে তাহলে তা সাথে সাথে বের কর ফেল। তোমার ঈশ্বরের সল্লিকটে সহভাগিতায় আসতে হবে যেখানে তিনি তোমার জীবনে সুন্দর কাজ করতে পারেন।

নেও

কিছু সময় নেও এবং প্রার্থনা কর যে তুমি তার কাছে থাকতে চাও। তারপর, তার কাছে সাহায্য চাও যেন তুমি পাপ থেকে দূরে থাকতে পার। সবশেষে, তাকে ধন্যবাদ দেও কারণ তিনি তোমাকে কখনও ছেড়ে যাবে না এবং তোমাকে সবসময় ভালবাসবেন। তোমার কখনও ভয় পেতে হবে না।

এবং অবশ্যই গুপ্তধন অনুসন্ধান পরিকল্পনার দ্বিতীয় অংশ সাইন আপ করবে।

যাহোক, তুমি চমৎকার!

ডঃ অ্যান্ডি